গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বাদাঘাট সরকারি ডিগ্রি কলেজ
**Badaghat Government Degree College**
তাহিরপুর, সুনামগঞ্জ । স্থাপিতঃ ১৯৯৪ খ্রি.
*মোবাঃ ০১৩০৯১৩০০৭৭, ওয়েবঃ www.bagc.edu.bd, ইমেইলঃ bdcollege1994@gmail.com*

তারিখ : ০২/০৯/২০২৬ খ্রি.

## ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত একাদশ শ্রেণির ভর্তির নীতিমালা অনুযায়ী আগামী ০২/০৯/২০২৬ খ্রি. হতে একাদশ শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া শুরু হবে। ভর্তির প্রক্রিয়া ও অন্যান্য তথ্য নিম্নে উপস্থাপন করা হলো।

**আবেদন প্রক্রিয়াঃ**

ভর্তিচ্ছু শিক্ষার্থীকে অনলাইনে নিম্নে উল্লিখিত ওয়েবসাইট এর নির্দেশিকা অনুসরণ করে আবেদন করতে হবে।

**www.xiclassadmission.gov.bd/**

শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ২২০/- (দুইশত বিশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে কমপক্ষে ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্যে থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

**ভর্তি নিশ্চায়ন সংক্রান্ত :**

শিক্ষার্থী যে পর্যায়ে নির্বাচিত হবে (১ম, ২য় বা ৩য় পর্যায়) নির্বাচিত হওয়ার পর শিক্ষার্থীকে প্রাথমিক নিশ্চায়ন করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষাবোর্ড কর্তৃক নির্ধারিত ৩৪০/- (তিনশত চল্লিশ) টাকা ফি নির্দেশনা অনুসারে জমা দিতে হবে।

**নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন ফি জমা দিতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর প্রাথমিক সিলেকশন বাতিল হয়ে যাবে।**

মোঃ ফরিদ উদ্দিন আক্তার
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
বাদাঘাট সরকারি ডিগ্রি কলেজ
তাহিরপুর, সুনামগঞ্জ।

"একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৬ (সংশোধিত)" এর নীতি ৬.০ অনুযায়ী ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু সংক্রান্ত সিডিউল:

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১ | ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নের জন্য যারা আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) | ০২/০৯/২০২৬ (বুধবার) থেকে ১০/০৯/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ২ | পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১২/০৯/২০২৬(শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৩ | পছন্দক্রম পরিবর্তনের সময় | ১২/০৯/২০২৬(শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৪ | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ১৬/০৯/২০২৬ (বুধবার রাত ৮:০০ টা) |
| ৫ | শিক্ষার্থীদের **নির্বাচন** নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে **নির্বাচন** এবং আবেদন বাতিল হবে) | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ১৮/০৯/২০২৬ (শুক্রবার) (রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৬ | পছন্দক্রম অনুযায়ী মাইগ্রেশনের ফল প্রকাশ | ১৯/০৯/২০২৬ (শনিবার রাত ৮:০০ টা) |
| ৭ | ভর্তি | ২০/০৯/২০২৬ (রবিবার) থেকে ২২/০৯/২০২৬ (মঙ্গলবার) |
| ৮ | **ক্লাস শুরু** | **২৩ সেপ্টেম্বর, ২০২৬ (বুধবার)** |